

3 (Sem-5/CBCS) BEN-HE 2

2 0 2 2

BENGALI

(Honours Elective)

Paper : BEN-HE-5026

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দশটি) : ১×১০=১০
- (ক) তারকনাথের স্ত্রী (বিবেকানন্দের খুড়িমা)র নাম কী ?
- (খ) বিশ্বনাথ দত্তের মৃত্যু কত খ্রিস্টাব্দে হয়েছিল ?
- (গ) নরেন্দ্রনাথের বিবাহের প্রস্তাবক কে ছিলেন ?
- (ঘ) উত্তর কলকাতায় কোন্ মহাকাবি বিবেকানন্দের প্রতিবেশী ছিলেন ?
- (ঙ) দত্তদের (বিশ্বনাথ দত্তের পূর্বপুরুষ) আদিনিবাস কোথায় ছিল ?
- (চ) বিবেকানন্দের পিতামহের নাম কী ছিল ?

- (ছ) 'যুগান্তর' পত্রিকা কত সালে প্রকাশিত হয়েছিল ?
- (জ) দেবব্রত কী নামে পরিচিত ছিলেন ?
- (ঝ) 'বন্দেমাতরম' পত্রিকার সম্পাদক কে ছিলেন ?
- (ঞ) 'উদাসী' সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা কে ?
- (ট) মানিকতলা বাগানের 'নতুন ছেলে' বলে পরিচিত ছেলোটর নাম কী ?
- (ঠ) উদাসী সম্প্রদায়ের তীর্থস্থান কোথায় ?
- (ড) ছেলেবেলায় রবীন্দ্রনাথ কীসের দলে যোগ দিতে চেয়েছিলেন ?
- (ঢ) 'ছেলেবেলা' গ্রন্থে কে লবকুশের ছড়া আউড়াতেন বলে উল্লিখিত হয়েছে ?
- (ণ) ঠাকুরবাড়ির জমাদারের নাম কী ছিল ?
- (ত) "ঐ মেয়ে ভূতটা সবচেয়ে ছিল বদমেজাজি।" ('ছেলেবেলা')—এখানে যে ভূতের কথা বলা হল তার নাম বলা।
- (থ) রবীন্দ্রনাথ তাঁর বউদিদিকে কোন গ্রন্থ পাঠ করে শোনাতেন ?
- (দ) জ্যোতিদাদা (জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর)র সঙ্গে রবীন্দ্রনাথের বয়সের পার্থক্য কত বছরের ?

- ২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ২×৫=১০
- (ক) 'বহিছে কৃপাঘন ব্রহ্মনিঃশ্বাস পবনে' ('অচেনা অজানা বিবেকানন্দ') গানটি কে, কোথায় গেয়েছিলেন ?
- (খ) শঙ্করাচার্য কোন শতকে বর্তমান ছিলেন ? তিনি কত বছর বেঁচেছিলেন ?
- (গ) বিবেকানন্দের দুজন বিদেশী ভক্তের নাম লেখো।
- (ঘ) স্বামীজির জন্মদিনে বেলুড়মঠে কে, কত টাকা পাঠাতেন ?
- (ঙ) 'ছেলেবেলা' গ্রন্থে উল্লিখিত দুটি পত্রিকার নাম লেখো।
- (চ) রবীন্দ্রনাথের দুজন মাস্টারমশাইয়ের নাম লেখো।
- (ছ) জোড়াসাঁকোর ঠাকুরবাড়িতে চাকরদের ছোটকর্তার নাম কী ছিল ? তাঁর বাড়ি কোথায় ?
- (জ) আলিপুর জেলে উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে একই কুঠরিতে থাকা দুজন বন্দির নাম লেখো।
- (ঝ) 'লপসি' কী, লেখো।
- (ঞ) অমরকণ্টক কোথায় অবস্থিত ? সেখানে উপেন্দ্রনাথ কোন সাধুদের দেখতে পেয়েছিলেন ?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) মিসেস সারা বুলকে লেখা চিঠিতে বিবেকানন্দ কী লিখেছিলেন তা আলোচনা করো।
- (খ) বিবেকানন্দের ভগিনী যোগীন্দ্রবালা সম্পর্কে যা জান সংক্ষেপে লেখো।
- (গ) সংসারে দায়িত্ব বিবেকানন্দ কীভাবে পালন করেছিলেন তা বিশদে বর্ণনা করো।
- (ঘ) 'ছেলেবেলা' গ্রন্থ অবলম্বনে ঠাকুরবাড়ির দরোয়ানদের কাজ কী ছিল, বর্ণনা করো।
- (ঙ) তাঁর ঠাকুরমার আমলের পালকি সম্পর্কে রবীন্দ্রনাথ কী বিবরণ দিয়েছেন, লেখো।
- (চ) রবীন্দ্রনাথের 'ছেলেবেলা' গ্রন্থ অবলম্বনে বাল্যকালে রবীন্দ্রনাথের ভূতের ভয় সম্পর্কে আলোচনা করো।
- (ছ) 'নির্বাসিতের আত্মকথা' অবলম্বনে মানিকতলা বাগান সম্পর্কে যা জান লেখো।
- (জ) বড়লাট ফ্রেজারকে মারার যে পরিকল্পনা করা হয়েছিল তার যথাযথ বিবরণ দাও।

৪। নিম্নলিখিত যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

- (ক) সংসার ত্যাগ ও সন্ন্যাস সম্পর্কে স্বামীজির বক্তব্য তোমার নিজের ভাষায় বর্ণনা করো।
- (খ) 'অচেনা অজানা বিবেকানন্দ' গ্রন্থ অবলম্বনে বিবেকানন্দের পারিবারিক ইতিহাস সম্পর্কে যা জানা যায় লেখো।
- (গ) পরিবারের আর্থিক দুরবস্থা বিবেকানন্দকে কীরূপ প্রভাবিত করেছিল, আলোচনা করো।

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

- (ক) 'ছেলেবেলা' গ্রন্থে বর্ণিত রবীন্দ্রনাথের বিদ্যাশিক্ষা-সম্পর্কিত স্মৃতিগুলি আলোচনা করো।
- (খ) 'ছেলেবেলা' গ্রন্থ অবলম্বনে সেকালের কলকাতা শহরের বর্ণনা দাও।
- (গ) বালক রবীন্দ্রনাথের কাছে আবদুল মাঝি যে গল্প পরিবেশন করেছিল তা তোমার নিজের ভাষায় লেখো।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর লেখো :

১০

- (ক) 'নির্বাসিতের আত্মকথা' অবলম্বনে উপেন্দ্রনাথের সন্ন্যাস-জীবনের কথা যা জান লেখো।
- (খ) মানিকতলার বাগানবাড়িতে যে পুলিশি খানাতল্লাশি হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ দাও।

৭। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

- (ক) 'ছেলেবেলা' গ্রন্থটির নামকরণের সার্থকতা বিচার করো।
- (খ) 'নির্বাসিতের আত্মকথা' অবলম্বনে উপেন্দ্রনাথের সঙ্গীসাথী ও বন্ধুবর্গের বৈপ্লবিক কর্মকাণ্ডের সংক্ষিপ্ত বিবরণ দাও।
